



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

১৯ নভেম্বর ২০২৫

তারিখ: -----

০৪ অগ্রহায়ণ ১৪৩২

বিআরপিডি সার্কুলার নং-০৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

ঋণ/বিনিয়োগ অবলোপন (Write-off) এবং তা আদায় কার্যক্রম জোরদারকরণে ইউনিট গঠন ও এর কার্যাবলী সংক্রান্ত নীতিমালা

উপর্যুক্ত বিষয়ে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৪, তারিখ: ১৮ ফেব্রুয়ারি ২০২৪ এবং বিআরপিডি সার্কুলার নং-০৮, তারিখ: ১৯ অক্টোবর ২০২৫ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। এক্ষেপে, উক্ত সার্কুলারদ্বয়ে বর্ণিত নির্দেশনা যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে বিআরপিডি সার্কুলার নং-০৪/২০২৪ এর অনুচ্ছেদ ২(১) নিম্নরূপভাবে প্রতিস্থাপন করা হলো:

“২(১) মন্দ ও ক্ষতিজনকমানে শ্রেণিকৃত এবং ভবিষ্যতে আদায়ের সম্ভাবনা ক্ষীণ এরূপ ঋণ হিসাব অবলোপন করা যাবে। তবে, কালানুক্রমিকভাবে অধিকতর পুরোনো মন্দ ও ক্ষতিজনক মানে শ্রেণিকৃত ঋণসমূহ অগ্রাধিকার ভিত্তিতে অবলোপন করা যাবে। এ ক্ষেত্রে কোনো ঋণ হিসাব অবলোপনের অনূন ১০ (দশ) কর্মদিবস পূর্বে ঋণগ্রহীতাকে নোটিশ প্রদানের মাধ্যমে ঋণ অবলোপনের বিষয়টি অবহিতকরণ নিশ্চিত করতে হবে;”

৩। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

৪। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ বায়েজীদ সরকার)
পরিচালক(বিআরপিডি)
ফোন: ৯৫৩০২৫২